দামুড়হুদায় আশ্রয়ন প্রকল্পের ঘর গ্রহীতাদের মাঝে ঈদ উপহার বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের দর্শনা রেলগেইট আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় নির্মিত গৃহের বরাদ্দ গ্রহীতাদের মাঝে চুয়াডাঙ্গা ০২ আসনের সাংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এর উদ্যোগে প্রধানমন্ত্রীর শেখ হাসিনার ঈদ উপহার হিসেবে ১৩৮ টি পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

গতকাল বেলা ১১টার সময় হাউলী ইউনিয়নের দর্শনা রেলগেইট আশ্রয়নে প্রতিটি পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী ৫ কেজি চাল, ১ কেজি ডাল, ১ লিটার সয়াবিন তেল, ২ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি চিনি, ১ প্যাকেট সেমাই, ১ পিচ লুঙ্গি ও ১ পিচ শাড়ি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে বিতরণ করেন চুয়াডাঙ্গা ০২ আসনের সাংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় তিনি বলেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা এদেশের সব শ্রেণির মানুষদের নিয়ে ভাবেন। যাদের কোন সহায় সম্বল নেই, জায়গা জমি নেই, ভিটে মাটি কিছু নেই তাদেরকে জমি দিয়েছেন ঘর দিয়েছেন। তাদের মুখে হাসি ফুটিয়েছেন। এখন এই দামুড়হুদা উপজেলায় কোন গৃহহীন নেই। এসব শুধু জননেত্রী শেখ হাসিনা’র সরকারের আমলেই সম্ভব।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দর্শনা পৌরসভার নবনির্বাচিত চেয়ারম্যান আতিয়ার রহমান হাবু, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, ইউপি সদস্য রিকাত আলী প্রমূখ।